



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড  
চীফ মনিটরিং এঁর দপ্তর  
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০১৪.১৪.০০১.১৭.৪৮

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬

১৫ সেপ্টেম্বর ২০১৯

### অফিস আদেশ

ভিশন ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে বাংলাদেশ ইতোমধ্যে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। ই-গভর্নেন্স বাস্তবায়নে সরকারি তথ্য উপাত্তের দ্বৈততা পরিহার ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে 'বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার' (BNDA) প্রণয়ন করা হয়েছে। 'বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার' নির্দেশিকার ৪.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রতিটি সংস্থায় এ বিষয়ে একজন ফোকাল পয়েন্ট এবং একজন বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা থাকবেন। এ লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক চূড়ান্তকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর ৫.২ অনুচ্ছেদে সংশ্লিষ্ট বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগের কথা উল্লেখ করা হয়েছে। এজন্যে নিম্নোক্ত ব্যক্তিবর্গকে মনোনীত করা হলো।

ক্রমিক নং	নাম ও পদবী	কর্মরত দপ্তর	কমিটির পদবী
১.	এ.কে.এম. তাহমিনুল ইসলাম, পরিচালক	পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	আরিফ ইকরামুল আজিম, সিস্টেম এনালিস্ট	আইসিটি সেল, বাপাউবো, ঢাকা।	বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা

#### ফোকাল পয়েন্ট কর্মকর্তার কার্যাবলী:

ফোকাল পয়েন্ট কর্মকর্তা 'বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার' (BNDA) অনুসরণক্রমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়নে সচেতন হবেন এবং এ সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। এছাড়া তিনি নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করবেন:

১। বাপাউবো এর জন্যে প্রস্তুতকৃত ডিজিটাল আর্কিটেকচারের রক্ষণাবেক্ষণ, মানোন্নয়ন এবং তা চালু ও কার্যকর রাখতে বাপাউবো মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করা।

২। তথ্যপ্রযুক্তি ব্যবস্থাপনা কর্মক্ষমতা নিরীক্ষণ, প্রযোজ্য কর্মক্ষমতা পরিমাপের ভিত্তিতে কর্মদক্ষতা মূল্যায়ন এবং যেকোনো আইসিটি ভিত্তিক উদ্যোগ অব্যাহত রাখা অথবা পরিবর্তন বা বন্ধ করা বিষয়ে বাপাউবো মহাপরিচালক মহোদয়কে পরামর্শ প্রদান করা।

৩। ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়ন বিষয়ে ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়ন কমিটি ও কারিগরী কমিটির সাথে লিয়াজো করা।

৪। বাপাউবো এর ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়নে কোন সমস্যা দেখা দিলে বাপাউবো মহাপরিচালক মহোদয়কে অবহিত করা এবং তা নিরসনে ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়ন কমিটি ও কারিগরী কমিটির পরামর্শ গ্রহণক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

বাপাউবো মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এই দপ্তর আদেশ জারি করা হলো।



১৫-৯-২০১৯

কারী তোফায়েল হোসেন

চীফ মনিটরিং

ফোন: ০২-৫৭১৬৪৩৪১

ফ্যাক্স: ০২-৯৫৫১৫৭৮

ইমেইল: ce.monitoring@bwdb.gov.bd

নম্বর:

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬

১৫ সেপ্টেম্বর ২০১৯

৪২.০১.০০০০.০১৪.১৪.০০১.১৭.৪৮/১(৬)

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান পরিকল্পনা, প্রধান পরিকল্পনা, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ২) চীফ ইনোভেশন অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৩) পরিচালক, পরিকল্পনা-২ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৪) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৫) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড



১৫-৯-২০১৯

আরিফ ইকরামুল আজিম

সিস্টেম এনালিস্ট